দৈনিক সংবাদ

তারিখ 07 DEC 1998
পৃষ্ঠা ৭ কলাম ৭

লক্ষ্য সিলেট অঞ্চলে ইংরেজির মানোন্নয়ন

# বাংলাদেশ এডুকেশন ট্রাস্ট শিক্ষকদের প্রশিক্ষণ দেবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

সিলেট ঃ যুক্তরাজ্যের লন্ডনভিত্তিক বাংলাদেশ এডুকেশন ট্রাস্ট সিলেট অঞ্চলে ইংরেজি শিক্ষা দান পদ্ধতির মানোন্নয়নের লক্ষ্যে এখানকার উচ্চ বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের শিক্ষকদেরকে প্রশিক্ষণ দেয়ার উদ্যোগ নিয়েছে।

এ প্রশিক্ষণ কর্মসূচি আগামী ফেব্রুয়ারি বা মার্চ মাসে শুরু হবে বলে আশা করা হচ্ছে। প্রাথমিক পর্যায়ে তা হবে শহরভিত্তিক। তবে এতে দূরবর্তী এলাকার শিক্ষকরা অংশ নিতে পারবেন। বাংলাদেশ এডুকেশন ট্রাস্ট সম্পাদক আইয়ুব করম আলী 'সংবাদ'কে বলেছেন, এতে সিলেট অঞ্চলে ইংরেজি শিক্ষার মানোন্নয়ন ঘটবে।

বৃটিশ এডুকেশন কনসালট্যান্ট সান্দ্রা নিকোলাস, আইয়ুব করম আলী ও বাংলাদেশ এডুকেশন ট্রাস্টের সিলেটস্থ ট্রাস্টি হ্যারল্ড রশীদ গত ২৩শে নভেম্বর থেকে ২৭শে নভেম্বর পর্যন্ত সিলেট ও সুনামগঞ্জের জেলা প্রশাসকদ্বয় এবং এ অঞ্চলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান যেমন সরকারি মুরারীচাঁদ মহাবিদ্যালয়, মদন মোহন মহাবিদ্যালয়, সরকারি মহিলা মহাবিদ্যালয়, গোবিন্দগঞ্জ আবদুল হক স্মৃতি মহাবিদ্যালয়, এইডেড উচ্চ বিদ্যালয়, সিলেট ইন্টারন্যাশনাল স্কুল, আনন্দ নিকেতন প্রভৃতি পরিদর্শনসহ এগুলোর প্রধান ও শিক্ষকদের সাথে প্রশিক্ষণ কর্মসূচি নিয়ে মত বিনিময় করেন।

এডুকেশন কনসালট্যান্ট সান্দ্রা নিকোলাস, বাংলাদেশ এডুকেশন ট্রাস্ট সম্পাদক আইয়ুব করম আলী ও ট্রাস্টি হ্যারল্ড রশীদ গত ২২শে নভেম্বর ঢাকায় জাতীয় শিক্ষা কার্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এবং বৃটিশ কাউন্সিল কর্মকর্তাদের সাথেও সিলেট অঞ্চলে এই প্রশিক্ষণ কর্মসূচি চালুর ব্যাপারে বৈঠক করেন।

০৫